

# স্কুল-কলেজ খুলবে ২৬ জুন

নিজস্ব  
প্রতিবেদক

২০ জুন, ২০২৪  
২০:১৫

শেয়ার

অ +

অ -



শিক্ষা মন্ত্রণালয়ের অধীন নিম্ন-মাধ্যমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষাপ্রতিষ্ঠানে এবারের গ্রীষ্মের ছুটি কমানো হয়েছে। আগামী ২ জুলাই পর্যন্ত এই ছুটি থাকার কথা ছিল। এখন নতুন সিদ্ধান্ত হলো বুধবার (২৬ জুন) থেকে খুলে দেওয়া হবে শিক্ষাপ্রতিষ্ঠান।

শিক্ষাপঞ্জি অনুসারে, এবার পবিত্র ঈদুল আজহা ও গ্রীষ্মকালীন ছুটি শুরু হয়েছে ১৩ জুন, যা চলার কথা ২ জুলাই পর্যন্ত।

ছুটি সংক্ষিপ্ত করার পরিকল্পনার কারণ হিসেবে শিক্ষা মন্ত্রণালয়ের যুক্তি হলো, পাঠদানের কর্মদিবস সারা বছরব্যাপী কমেছে।

## আরও পড়ুন



শিক্ষাপ্রতিষ্ঠানে গ্রীষ্মকালীন ছুটি কমল

আজ বৃহস্পতিবার শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। শিক্ষা মন্ত্রণালয়ের তথ্য ও জনসংযোগ কর্মকর্তা মোহাম্মদ আবুল খায়ের কালের কণ্ঠকে এ তথ্য নিশ্চিত করেছেন।

একই সভায় সিদ্ধান্ত নেওয়া হয়েছে, শুক্রবারের পাশাপাশি শনিবারও সাপ্তাহিক ছুটি থাকবে শিক্ষাপ্রতিষ্ঠান।